জীবননগরে পাট চাষিদের এক দিনের প্রশিক্ষণ

উন্নত প্রযুক্তি নিভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় জীবননগরে পাট চাষিদের এক দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।পাট অধিদপ্তর বস্ত্র ও পাট মন্ত্রনালয় চুয়াডাঙ্গার আয়োজনে সোমবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা পরিষদের হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।জীবননগর উপজেলা নিবাহী অফিসার এস,এম মুনিম লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুগ্ন সচিব ও পাট অধিদপ্তরের পরিচালক এস,এম আরশাদ ইমাম।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী।

মেহেরপুরের গাংনীতে ভ্রাম্যমান আদালতের জরিমানা, ধরা ছোঁয়ার বাইরে মূল অপরাধীরা

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে মাটি উত্তোলনকারীর ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। তবে ধরাছোঁয়ার বাইরে রয়েছে মূল অপরাধীরা। সোমবার দুপুরে এ জরিমানা করা হয়।
গাংনী উপজেলার হিন্দা বিল পাড়ার কাজলা নদীর পাশে অবৈধভাবে মাটি উত্তোলন করছে এমন অভিযোগে অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী কমিশনার (ভূমি) নূরে আলম সিদ্দিকী। এ সময় মাটি উত্তোলনকারী ভেকুর চালক সাইফুল ইসলামকে বালুমহাল ও মাটি ব্যবস্থানা আইন ২০১০ এর ৫ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। সাইফুল ইসলাম লালমনিরহাট জেলার হাতীবান্ধা থানার নিকোশিন্দাপুর গ্রামের আমিনুর রহমানের ছেলে। সে এখানে ভাড়াতে মাটি উত্তোলন করতে এসেছিল।

তবে যারা তাকে ভাড়া করে এনেছে অজ্ঞাত কারনে তারা ধরাছোঁয়ার বাইরেই রয়ে গেছে।
সাংবাদিকদের প্রশ্নের জবাবে গাংনী উপজেলা নির্বাহি কমিশনার (ভূমি) নূরে আলম সিদ্দিকী বলেন, আমরা যাকে স্পটে পেয়েছি তাকেই জরিমানার আওতায় এনেছি। আপনারা যদি এ নিয়ে প্রশ্ন তোলেন তাহলে যতটুকো করছি সেটাও আর করব না।

হরিণাকুণ্ডুতে নানা আয়োজনে আন্তর্জাতিক নারী দিবস পালিত

‘করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা প্রশাসনের আয়োজনে ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গির হোসাইন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে প্রকল্প কর্মকর্তা জামাল হোসেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, হরিণাকুণ্ডু প্রেসক্লাব সভাপতি এম.সাইফুজ্জামান তাজু, প্রেসক্লাবের সহ-সভাপতি সাইফুর রহমান বাদল প্রমূখ উপস্থিত ছিলেন। নারীর সম-অধিকার প্রতিষ্ঠায় ১৯১৪ সাল থেকে বিভিন্ন দেশ দিবসটি পালন করে আসছে। ১৯৭৫ সাল থেকে জাতিসংঘ দিনটি আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালন করছে। এবারের আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য- ‘করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব’। আলোচনায় বক্তারা বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নারী-পুরুষ সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। “বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগের সফল বাস্তবায়নের ফলে নারী উন্নয়ন আজ সুস্পষ্টভাবে দৃশ্যমান। ব্যবসা-বাণিজ্য, রাজনীতি, বিচারবিভাগ, প্রশাসন, কূটনীতি, সশস্ত্রবাহিনী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, শান্তিরক্ষা মিশনসহ সর্বক্ষেত্রে নারীর সফল অংশগ্রহণের মাধ্যমে দেশ ক্রমান্বয়ে উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে।” উল্লেখ্য সম অংশীদারিত্ব নারী এখন তার মেধা ও শ্রম দিয়ে সভ্যতার সকল অগ্রগতি এবং উন্নয়নে অংশগ্রহণ করছে। আর তাই সারা

বিশ্বে বদলে গেছে নারীর প্রতি দৃষ্টিভঙ্গি।

ঐতিহাসিক ৭ই মার্চ বঙ্গবন্ধুর ভাষণের ৫০ বছর ও জন্মশতবার্ষিকী উদযাপনে চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান

ঐতিহাসিক ৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণের ৫০ বছর ও মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মেহেরপুর পৌরসভার উদ্যোগে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকালে পৌর কমিউনিটি সেন্টার হলরুমে চিত্রাংকন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ চিত্রাঙ্কন প্রতিযোগিতার উদ্বোধন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর শিশু কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব প্রধান শিক্ষিক সাংস্কৃতিক ব্যক্তিত্ব মনা মিয়া প্রমুখ। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ৪৫ জন শিশু-কিশোররা অংশগ্রহণ করে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী ঢাকায় চুড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

মেহেরপুরে কবিরাজের কান্ড, জিনের ভয় দেখিয়ে গৃহবধুকে ধর্ষন

এম এফ রুপকঃ

মেহেরপুরে জিনের ভয় দেখিয়ে গৃহবধুকে ধর্ষন করার অভিযোগ উঠেছে মোজাহিদ(৬৫) নামের এক কতিথ কবিরাজের বিরুদ্ধে।

সোমবার (৮মার্চ) দুপুরে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের এ ঘটনা ঘটে। ঘটনার পর অভিযুক্ত কবিরাজ মোজাহিদকে আটক করেছে পুলিশ। মোজাহিদ কবিরাজ মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের মৃত হযরত আলীর ছেলে। তার বিরুদ্ধে এর আগেও এ ধরনের অভিযোগ আছে বলে জানিয়েছে এলাকাবাসী।

চুয়াডাঙ্গা জেলার বুইচেতলা গ্রামের ধর্ষনের শিকার গৃহবধূর ফুফু শাশুড়ি জানান, প্রায় ১৫ দিন আগে আমার ভায়ের ছেলে সাথে ঐ মেয়ের বিয়ে হয়। বিয়ের পর থেকে তাদের সংসারে শান্তি ছিল না। তাদের মধ্যে মাঝে মধ্যে ঝগড়া হতো। ভায়ের ছেলের বউ তার স্বামীর সাথে মধ্যে বিরুপ আচরণ করতো।

আবার মাঝে মধ্যে ভালো হয়ে যেতো। প্রতিবেশিরা বলল মেয়েকে জিনে ধরেছে। তাদের কথামত সোমবার মেহেরপুরের পিরোজপুর গ্রামে কবিরাজ মোজাহিদের কাছে নিয়ে আসি। মেয়েকে সুস্থ্য করে দেবে কবিরাজ মোজাহিদের সাথে আমাদের ৪ হাজার টাকার কন্টাক হয়। দুপুরে আমার ভায়ের ছেলে ও তার স্ত্রীকে মোজাহিদের ঘরে প্রবেশ করতে বলে।

তারপর ছেলেকে কিযেন খাইয়ে দিল, এতেই সে জ্ঞান হারিয়ে মাটিতে পড়ে যায়। তারপর মেয়েকে নিয়ে একটি গোপন কক্ষে প্রবেশ করে। সেখানে তাকে ধর্ষন করে। বাইরে বেরিয়ে মেয়ে আমাদের দেখে কান্না শুরু করে। এবং সব ঘটনা বলে। পরে আমরা যেয়ে আমাদের ছেলেকে অজ্ঞান অবস্থায় উদ্ধার করি। এবং আমাদের মেয়েকে কবিরাজ ভয় দেখায়, যে কাউকে বললে জিনে তুলে নিয়ে যাবে। সাথে সাথে স্থানীয় পিরোজপুর পুলিশ ক্যাম্পে অভিযোগ করি।

পিরোজপুর ক্যাম্পের টু-আইসি আনিসুর রহমান জানান, আমরা অভিযোগ

পাওয়ার সাথে সাথে কতিথ কবিরাজ মোজাহিদ আটক করার জন্য তার বাড়িতে যায়। তাকে না পেয়ে খোজাখুজির এক পর্যায়ে একটি বাঁশ বাগানের ভিতর থেকে পালিয়ে যাওয়া অবস্থায় তাকে আটক করে মেহেরপুর সদর থানায় নিয়ে আসি।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, আমার মেয়ের সাথে কথা বলেছি। অভিযোগের সত্যতা পেয়েছি। অভিযুক্ত কবিরাজ মোজাহিদের বিরুদ্ধে ধর্ষণ মামলার প্রস্তুতি চলছে।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে মরমী কবি পাগলা কানাইয়ের ৪ দিন ব্যাপী ২১১তম জন্মজয়ন্তী উৎসব

ঝিনাইদহে শুরু হয়েছে মরমী কবি পাগলা কানাইয়ের ৪ দিন ব্যাপী ২১১তম জন্মজয়ন্তী উৎসব। সোমবার সকালে সদর উপজেলার বেড়বাড়ী গ্রামে কবির মাজারে পুষ্পমাল্য অর্পণের মধ্য দিয়ে ৪ দিন ব্যাপী এ অনুষ্ঠান শুরু হয়। এসময় সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড.আব্দুর রশিদসহ পাগলা কানাইয়ের ভক্ত অনুরাগীরা উপস্থিত ছিলেন।

পরে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। পাগলা কানাই স্মৃতি সংরক্ষন সংসদের আয়োজনে আজ থেকে শুরু হওয়া এ অনুষ্ঠান চলবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত। ৪ দিন ব্যাপী এ উৎসবে আয়োজন করা হয়েছে লাঠি খেলা, কবি রচিত সংগীতানুষ্ঠান, চিত্রাংকন, বই পড়া প্রতিযোগীতা ও কবির জীবন দর্শনের উপর আলোচনা সভা। পাগলা কানাই বাংলা ১২২৬ সালের ২৫ ফাল্গুন ঝিনাইদহ সদর উপজেলার বেড়বাড়ি গ্রামে জন্ম গ্রহন করেন ।

ঝিনাইদহে উইমেন্স ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে নারীদের সংগঠন উইমেন্স ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে সোমবার সকালে শহরের পায়রা চত্বর থেকে বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে পুরাতন ডিসি কোর্ট চত্বরে গিয়ে শেষ হয়। পরে শহরের প্রান্তিক শিশু পল্লীতে আয়োজন করা হয়। আলোচনা সভার।

এতে সংগঠনটির সভাপতি আফসানা আক্তার শিউলী, সাধারণ সম্পাদক শাহনাজ পারভীন সেতু, এসএ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। আলোচনা শেষে দুস্থ নারীদের মাঝে সেলাইমেশিন বিতরণ, নারী জাগরণের বিশেষ ভূমিকা রাখায় সম্মাননা প্রদাণ করা হয়। পরে নেতৃবৃন্দ শপথবাক্য পাঠ করেন।

আন্তজার্তিক নারী দিবস উপলক্ষে ঝিনাইদহে মানববন্ধন

করোনা বিশ্বে নারীর প্রতি সহিংসতা বন্ধ করি, সমতা অর্জনে নারী নেতৃত্ব নিশ্চিত করি’ শ্লোগানকে সামনে রেখে আন্তজার্তিক নারী দিবস উপলক্ষে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে সোমবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে মানবাধিকার ফোরাম, এইড’র জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পসহ বেশ কয়েকটি উন্নয়ন সংস্থা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে মানবাধিকার কর্মী, শিক্ষক, সমাজকর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, জেলা মানবাধিকার ফোরামের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, সনাকের সদস্য সুরাইয়া পারভীন মলি, মানবাধিকার বাস্তবায়ন কমিটির সভাপতি হাফিজুর রহমান, নারী জাগরনী চক্র’র পরিচালক পারভীন আরা পপি, জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও

মোকাবেলা প্রকল্প’র প্রকল্প সমন্বয়ক খন্দকার আশরাফুন্নাহার আশা প্রমুখ। বক্তারা, নারীর প্রতি সহিংসতা বন্ধে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান।

কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“করোনা কালে নারী নেতৃত্ব গড়বে নতুন সমতার বিশ্ব” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে পালিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে আন্তর্জাতিক এই নারী দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষে সেমাবার সকালে উপজেলা পারিষদ মিলনায়তনে মুক্তিযুদ্ধ, মুজিব শতবর্ষ সহ করোনা পরিস্থিতিতে নারী নেতৃত্ব এবং নারীর বলিষ্ট অবদান শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকী, অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা স্বাস্থ কমপ্লেক্সের গাইনি কনসালটেন্ট ডাঃ আয়েশা আক্তার, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মোঃ তাজুল ইসলাম,পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল প্রমূখ। নারী দিবসের আলোচনা সভায় সূচনা বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগম। পরে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সবিধাভোগী নারী ও শিক্ষার্থীদের মাঝে সেলাই মেশিন এবং বাইসাইকেল বিতরন করা হয়।

গাংনী বাজারে নিজের দোকানে আগুন দিয়ে বীমার টাকা পেতে চেয়েছেন জিয়া বেডিং এর মালিক

বীমা কোম্পানীর কাছ থেকে টাকা পেতে গাংনী বাজারের জিয়া ইসলাম বাবু নামের এক বেডিং ব্যাবসায়ীর বিরুদ্ধে নিজের দোকানে অগ্নীসংযের অভিযোগ উঠেছে। দোকানে বেশ কিছু কাপড় একত্রিত করে আগুন দেবার সময় বাহির থেকে ধুয়া দেখে জিয়াকে ধাওয়া করলে পালিয়ে যায় সে। সোমবার বেলা ১ টার দিকে এঘটনা ঘটে। এঘটনায় গাংনীর ব্যাবসায়ীদের মধ্যে বিরাজ করছে আগুন আতংক।

স্থানীয় ব্যাবসায়ীরা জানায়, গাংনী বাজারের জিয়া বেডিং এর মালিক জিয়া ইসলাম ইসল্যান্ড ইন্সুরেন্স কোম্পানী নামক একটি ইন্সুরেন্স কোম্পানীর কাছে বীমা করেছিলেন। উক্ত বীমা কোম্পানীর কাছ থেকে সুবিধা নিতে নিজের দোকানে আগুন দিলে বাহিরের ব্যাবসায়ীরা ধূয়া দেখে আগুন নেভাতে সক্ষম হয়। এসময় ওয়েল্ডিং ব্যাবসায়ী দেলোয়ার হোসেন দেখতে পেয়ে তাকে ধাওয়া করলে জিয়া পালিয়ে যায়। পার্শ্ববর্তী কসমেটিক্স ব্যাবসায়ী আকমল হোসেন ও বাবু জানান, ইচ্ছাকৃতভাবে আগুন লাগানো হয়েছে। এখানকার তিন ব্যাবসায়ীকে আইনের আওতায় আনা হলে অগ্নীকান্ডের সত্যতা উদঘাটন হবে। আজকের ঘটনায় জিয়া তার ব্যাক্তিগত স্বার্থে আগুন ধরিয়েছে বলে মন্তব্য অনেকের। বাজারের আর্◌েকজন ব্যাবসাযী দেলোয়ার হোসেন জানান, জিয়া কিছু কাপড়ে আগুন ধরিয়ে দেয়। এমন ঘটনা আমি দেখে তাকে ধাওয়া করলে সে পালিয়ে যায়। ব্যাবসায়ী জিয়া ইসলামের বড় ভাই আরিফুল ইসলাম বলেন, পার্শ্ববর্তী ব্যাবসায়ীরা যে কথা বলছেন তারা নিশ্চয় মিথ্যা বলছেন না। তবে যদি এমন ঘটনার সত্যতা পাওয়া যায় তাকে আইনের আওতায় আনা উচিৎ। জিয়াউল ইসলাম পলাতক থাকায় তার সাথে কথা বলা সম্ভব হয়নি।

গাংনী বাজার কমিটির সভাপতি হাফিজুল ইসলাম সপন বলেন গত ৭ তারিখে অগ্নীকান্ডের ঘটনায় ৫টি দোকান পুড়ে অনেক টাকায় ক্ষয়ক্ষতি হয়েছে। এটি ব্যাবসায়ীদের জন্য একটি বেদনাদায়ক ঘটনা। তারপরেও জিয়া বেডিংএর মালিক জিয়া আজ নিজের দোকানে নিজেই আগুন দেয়ার কথা আমরা শুনেছি। তবে সে পলাতক রয়েছে। ক্ষতিগ্রস্থ ব্যাবসায়ীরা সন্দেহজন ব্যাক্তির বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা নেবে । আইনগত সহায়তা পেতে বাজার কমিটির পক্ষ থেকে সকল সুযোগ সুবিধা দেয়া হবে।

গাংনী থানার ওসি বজলুর রহমান বলেন, একটি ঘটনার বেদনা ভুলকে না ভুলতেই জিয়া নামের একজন ব্যাবসায়ী নিজের দোকানে আগ্নীসংযোগ করে ব্যাক্তি সুবিধা নেবার চেষ্টা করেছে। তার বিরুদ্ধে দতন্ত করে ব্যাবস্থা নেয়া হবে।

উল্লেখ্যঃ রবিবার দুপুরে গাংনী পৌর শহর বাসস্টান্ডে ৫টি দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এতে অন্ততঃ অর্ধ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন দোকান মালিকেরা। কি কারণে এ অগ্নীকান্ডের সুত্রপাত তা অনুসন্ধান করছেন ফায়ার সার্ভিস। সোহাগ বস্ত্রালয় নামের একটি লেপ তোশকের গুদামে আগুনের সুত্রপাত ঘটে। পরে তা ছড়িয়ে পড়ে পাশের আকমল স্টোর, মনিরুল বস্ত্রালয় জিয়া বেডিং ও ঢাকা বেডিংসহ কয়েকটি ব্যাবসা প্রতিষ্ঠান। সংবাদ পেয়ে গাংনী ও মেহেরপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘন্টা ব্যাপি চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনে।